



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৩.২২- ১৯৮৮


তারিখ: ১৭ কার্তিক ১৪৩১
০৪ নভেম্বর ২০২৪

বিষয়ঃ সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী দাখিল প্রসঙ্গে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৭ অক্টোবর ২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.০০২.৯৯.০১২.২৩.১৩৯১ নম্বর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.২২.০২৭.২৪-১৪৮ নম্বর স্মারকে সরকারি কর্মচারীগণের সম্পদ বিবরণী নির্ধারিত ফরমেটে (ছক- ক, খ ও গ) আগামী নভেম্বর ২০২৪ এর মধ্যে দাখিলের নির্দেশনা রয়েছে। নির্দেশনায় ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিবের নিকট, দ্বিতীয় শ্রেণির গেজেটেড/নন-গেজেটেড কর্মকর্তাগণ (১০ম গ্রেড) নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ পর্যন্ত কর্মচারীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট সম্পদের বিবরণী দাখিলের কথা বলা হয়েছে। সে মোতাবেক সম্পদ বিবরণী দাখিলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল কর্মকর্তা-কর্মচারীদের নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো।

- ক) বিভাগীয় কার্যালয়/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই/উপজেলা/থানা শিক্ষা অফিস/ইউআরসি এর ক্যাডার/প্রথম শ্রেণির নন-ক্যাডার কর্মকর্তা (৯ম গ্রেড এবং তদুর্ধ্ব) সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে তাঁর ০২ (দুই) প্রস্থ সম্পদ বিবরণী দাখিল করবেন। বিভাগীয় উপপরিচালকগণ তা তালিকাসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।
 - খ) বিভাগীয় কার্যালয়/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই/উপজেলা/থানা শিক্ষা অফিস/ইউআরসি এর দ্বিতীয় শ্রেণির গেজেটেড/নন-গেজেটেড কর্মকর্তাগণ (১০ম গ্রেড) সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে তাঁর সম্পদ বিবরণী দাখিল করবেন। বিভাগীয় উপপরিচালকগণ তা তালিকাসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।
 - গ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ স্ব স্ব উপজেলা/থানা শিক্ষা অফিসার এর মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক এর নিকট তাঁর সম্পদ বিবরণী দাখিল করবেন। নিয়োগকারী কর্তৃপক্ষ না হলেও প্রধান শিক্ষকের অধিকাংশ কার্যক্রম বিভাগীয় কার্যালয় হতে সম্পাদিত হয় বিধায় এবং প্রধান শিক্ষকের সংখ্যা আধিক্য বিবেচনায় তা বিভাগীয় উপপরিচালকগণ নিজ কার্যালয়ে সংরক্ষণ করবেন।
 - ঘ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণ স্ব স্ব উপজেলা/থানা শিক্ষা অফিসার এর মাধ্যমে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট তাঁর সম্পদ বিবরণী দাখিল করবেন। নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ তা নিজ কার্যালয়ে সংরক্ষণ করবেন।
 - ঙ) বিভাগীয় কার্যালয়/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই/উপজেলা/থানা শিক্ষা অফিস/ইউআরসি এর অধীনস্থ গ্রেড ১১ হতে গ্রেড ২০ পর্যন্ত কর্মচারীগণ সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে তাঁর সম্পদ বিবরণী দাখিল করবেন। বিভাগীয় উপপরিচালকগণ তা তালিকাসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।
 - চ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাধারণ প্রশাসন শাখায় তাঁর সম্পদ বিবরণী দাখিল করবেন। ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ ০২ (দুই) প্রস্থ সম্পদ বিবরণী দাখিল করবেন।
- ২। উপরিউক্ত নির্দেশনা মোতাবেক আগামী ২৫ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে সম্পদ বিবরণী দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৬(ছয়) পাতা।


শাহীনুর শাহীন খান
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

বিতরণ:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল).....বিভাগ।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)

অনুলিপি:

১. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক(পিইডিপি৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।